## গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়ের অধীনস্থ "নগর উন্নয়ন অধিদপ্তর (UDD)" এবং পানি সম্পদ মন্ত্রণালয়ের অধীনস্থ পাবলিক ট্রাস্ট "সেন্টার ফর এনভায়রনমেন্টাল এন্ড জিওগ্রাফিক ইনফরমেশন সার্ভিসেস (CEGIS)" এর মধ্যে পারস্পরিক ও যৌথ সহযোগিতার মাধ্যমে কর্মসম্পাদনের জন্য সমঝোতা স্মারক

### ১. সমঝোতা স্মারক স্বাক্ষরের উদ্দেশ্যঃ

নগর উন্নয়ন অধিদপ্তর (UDD) দেশের সুষম ও পরিকল্পিত উন্নয়নের লক্ষ্যে নগর ও অঞ্চল পরিকল্পনা প্রণয়ন করে থাকে। এই অধিদপ্তর দেশের ছোট, বড়, মাঝারি শহর, নগর, বন্দর ও শিল্প এলাকাসমূহের ল্যান্ড ইউজ/মাস্টার প্ল্যান প্রণয়নের মাধ্যমে শহর এলাকার ভূমির পরিকল্পিত ব্যবহারের দিক নির্দেশনা প্রদান করে থাকে। এছাড়াও নগরায়ন প্রক্রিয়ায় আর্থ-সামাজিক বিষয়ে গবেষণা করা ও ভবিষ্যতে নগর উন্নয়ন সংক্রান্ত স্থান নির্ণয় করা, নগরায়ন কর্মসূচী প্রণয়ন এবং এই কর্মসূচী সংশ্লিষ্ট সেক্টর এজেন্সিগুলোর উন্নয়নমূলক কর্মকান্ডের স্থান নির্ধারণে সহযোগীতা করে থাকে।

অন্যদিকে সেন্টার ফর এনভায়রনমেন্টাল এন্ড জিওগ্রাফিক ইনফরমেশন সার্ভিসেস (CEGIS) পানি সম্পদ মন্ত্রণালয়ের অধীনস্থ পাবলিক ট্রাস্ট; যা বহুমুখী পেশাজীবিগণের সমন্বয়ে সামাজিক ও পরিবেশবান্ধব মননশীল ও মেধাভিত্তিক সেবা প্রদানের মাধ্যমে দেশে ও দেশের বাইরে পানিসম্পদ ও অন্যান্য প্রাকৃতিক সম্পদ ব্যবহার ও তা রক্ষায় কাজ করে এবং এ সংক্রান্ত গবেষণা পরিচালনা করে। বিভিন্ন প্রকল্পের সম্ভাব্যতা নিরূপণ ও পরিকাঠামোগত নকশা তৈরি, প্রাথমিক পরিবেশগত যাচাই (IEE), পরিবেশগত প্রভাব নিরূপণ (EIA), সামাজিক প্রভাব নিরূপণ (SIA), ট্রাফিক চলাচলের প্রভাব সমীক্ষা (TIA), পরিবেশগত ব্যবস্থাপনা পরিকল্পনা (EMP), পরিবেশগত ব্যবস্থাপনা কাঠামো (EMF), পুনর্বাসন কর্মপরিকল্পনা (Resettlement Action Plan), মাস্টারপ্ল্যান প্রণয়ন, কৌশলগত পরিবেশ সমীক্ষা (SEA), প্রকল্প এলাকার মানচিত্র প্রনয়ন, জীববৈচিত্র্য সমীক্ষা ইত্যাদি নানা ধরনের কাজ সম্পাদন করে থাকে। এ ধরনের কাজে CEGIS আধুনিক প্রযুক্তি ও যন্ত্রপাতি ব্যবহার করে থাকে।

নগর উন্নয়ন অধিদপ্তর ও CEGIS এর অনেক কাজের বিষয়ে অভিজ্ঞতা ও কাজের ক্ষেত্রের অভিন্নতা থাকায় দুটি প্রতিষ্ঠানের আলোচনার ভিত্তিতে ভবিষ্যতে পারস্পরিক সংশ্লিস্ট কোন কাজ যৌথভাবে সম্পাদনের সুযোগ বৃদ্ধি করাই এই সমঝোতা স্মারক স্বাক্ষরের মূল উদ্দেশ্য।

### ২. সমঝোতা স্মারকের আলোকে কার্যক্রম বাস্তবায়ন কৌশলঃ

নগর উন্নয়ন অধিদপ্তর কর্তৃক আয়োজিত বিভিন্ন সেক্টরাল কার্যক্রম সম্পাদনে উভয়পক্ষের আলোচনার ভিত্তিতে আধুনিক কলাকৌশল প্রয়োগপূর্বক যথাযথ পরিকল্পিত নগর উন্নয়ন কার্যক্রম যৌথভাবে সম্পন্ন করা।

৩. **সমঝোতা স্মারকের মেয়াদকাল ঃ** এ সমঝোতা স্মারকের মেয়াদকাল হবে ৫ (পাঁচ) বৎসর। উক্ত মেয়াদকাল শেষে উভয় পক্ষের মধ্যে আলোচনা ও সমঝোতার ভিত্তিতে এ মেয়াদকাল বৃদ্ধি করা যাবে।

৪. **সমঝোতা স্মারক বাতিলকরণঃ** যে কোন পক্ষই এ সমঝোতা স্মারক আগাম ৩ (তিন) মাসের নোটিশে বাতিল করতে পারবে।

৫. **সমঝোতা স্মারকের পরিবর্ধন ও পরিমার্জনঃ** যে কোন এক পক্ষ এ সমঝোতা স্মারকের অংশ বিশেষ বা পুরো অংশ পরিবর্ধন বা পরিমার্জনের জন্য লিখিত অনুরোধ জানাতে পারবে। উভয় পক্ষের সম্মতিক্রমে যেকোন পরিবর্ধন ও পরিমার্জন এ সমঝোতা স্মারকের অংশ হিসেবে বিবেচিত হবে। এ পরিবর্ধন ও পরিমার্জন উভয় পক্ষের মধ্যে সম্মত তারিখ হতে কার্যকর হবে।

### ৬. নগর উন্নয়ন অধিদপ্তরের দায়িত্বসমূহঃ

- ভূমি ও পরিবেশের যথাযথ মিথস্ক্রীয়া সাধনের লক্ষ্যে দুর্যোগ, জলবায়ু পরিবর্তনসহ SDG, Sendai Framework, Habitat-III তথা বিভিন্ন ইস্যুভিত্তিক বিষয়সমূহ অন্তর্ভূক্তির মাধ্যমে ভূমি ব্যবহার পরিকল্পনা কার্যক্রম গ্রহণ করবে এবং বাস্তব জ্ঞান সংশ্লিষ্ট Sectoral Agency কে চাহিদার ভিত্তিতে সরবরাহ করবে।
- নগর উন্নয়ন বিষয়ে গবেষণা পরিচালনাসহ এর ফলাফল উন্নয়ন-পরিকল্পনায় প্রয়োগের নতুন নতুন কলাকৌশল উদ্ভাবনে কাজ করবে।

নগর উন্নয়ন অধিদপ্তর

CEGIS
Environmental & Geographic Information
A Public Trust Under

- Stakeholder গণের সমন্বয়ে বিভিন্ন বিষয়ে সেমিনার ও ওয়ার্কশপের আয়োজন করবে।
- নগরায়ন ও মানববসতি সংক্রান্ত গবেষণালব্ধ বিষয়ে প্রকাশনা প্রকাশ করবে।

৭. CEGIS এর দায়িত্বসমূহঃ

- আলোচনার ভিত্তিতে পারস্পরিক সংশ্লিস্ট যেকোনো পরিকল্পনা ও গবেষণা কার্যক্রম যৌথভাবে সম্পন্ন করা।
- সুযোগ ও আলোচনা সাপেক্ষে নগর উন্নয়ন অধিদপ্তর কর্তৃক নির্ধারিত কোন এলাকার পরিবেশগত বিশ্লেষণের মাধ্যমে প্রকল্পের সম্ভাব্যতা নিরূপণ (Feasibility Study), প্রাথমিক পরিবেশগত যাচাই (IEE), পরিবেশগত প্রভাব নিরূপণ (EIA), সামাজিক প্রভাব নিরূপণ (SIA), ট্রাফিক চলাচলের প্রভাব সমীক্ষা (TIA), পরিবেশগত ব্যবস্থাপনা পরিকল্পনা (EMP), পরিবেশগত ব্যবস্থাপনা কাঠামো (EMF), পুনর্বাসন কর্মপরিকল্পনা (Resettlement Action Plan), স্থাপত্য নকশা প্রস্তুত, মানচিত্র প্রণয়ন, জীববৈচিত্র্য সমীক্ষা ইত্যাদি বিষয়ে সমীক্ষা কার্যক্রম পরিচালনা করা।
- শহর ও নগর অঞ্চলের ভৌত অবকাঠামোগত উন্নয়নের জন্য বিভিন্ন ধরনের মাস্টারপ্ল্যান তৈরি এবং এ সংশ্লিষ্ট সকল প্রকার জরিপ ও গবেষণা কাজে নগর উন্নয়ন অধিদপ্তর এর চাহিদার প্রেক্ষিতে সহযোগিতা করা।
- প্রকল্প বিষয়ক বিভিন্ন প্রকার কার্যক্রম যেমন; সেমিনার, ওয়ার্কশপ ইত্যাদি আয়োজনে নগর উন্নয়ন অধিদপ্তরকে সার্বিক সহযোগিতা করা।

৮. এই সমঝোতা স্মারকে যে সকল বিষয় অন্তর্ভূক্ত হয়নি ভবিষ্যতে প্রয়োজনের নীরিখে তা পারস্পরিক আলোচনার মাধ্যমে নির্ধারণ করা হবে।

৯. উপরে উল্লেখিত কার্যক্রমগুলো সম্পাদনে আর্থিক বিষয় বিবেচ্য নয়। এ ক্ষেত্রে স্ব স্ব সংস্থা নিজ নিজ ব্যয় বহন করবে।

১০. উভয়পক্ষ উপরোক্ত শর্তসমূহ পাঠ করে ও এর মর্মার্থ অবগত হয়ে আজ ৯/১০/২০১৭ খ্রীস্টাব্দে নিম্ন স্বাক্ষরকারী ও সাক্ষীগণের উপস্থিতিতে এই সমঝোতা স্মারক সহি সম্পাদিত হলো।

| | |
|---|---|
| স্বাক্ষর<br>09.10.2017<br>ড. খুরশীদ জাবিন হোসেন তৌফিক<br>পরিচালক, নগর উন্নয়ন অধিদপ্তর (UDD), ঢাকা | স্বাক্ষর<br>9/10/17<br>ইঞ্জিনিয়ার মোঃ ওয়াজি উল্লাহ<br>নির্বাহী পরিচালক,<br>সেন্টার ফর এনভায়রনমেন্টাল এন্ড জিওগ্রাফিক ইনফরমেশন সার্ভিসেস (CEGIS), ঢাকা |
| সাক্ষী<br>আহমেদ আখতারুজ্জামান<br>উপ-পরিচালক (গবেষণা ও সমন্বয়)<br>নগর উন্নয়ন অধিদপ্তর (UDD), ঢাকা | সাক্ষী<br>MHossain 9/10/17<br>মোঃ মোতালেব হোসেন সরকার<br>পরিচালক, ইকোলজি, ফরেস্ট্রি এন্ড বায়োডাইভার্সিটি ডিভিশন, সেন্টার ফর এনভায়রনমেন্টাল এন্ড জিওগ্রাফিক ইনফরমেশন সার্ভিসেস (CEGIS), ঢাকা |

Center for Environmental & Geographic Information Services ★ CEGIS A Public Trust Under Ministry of Water Resources